

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শেরপুর সরকারি কলেজ, শেরপুর।


তারিখ : ১২/০২/২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা শেরপুর সরকারি কলেজের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, উপবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে আগামী ১৯/০২/২০২৫ খ্রি. এর মধ্যে কলেজ অফিসে জমা দিতে হবে (আবেদন ফরম প্রাপ্তির স্থান- কলেজ গেইটের যে কোন ফটোকপির দোকান)। উল্লেখ্য পঙ্গু, প্রতিবন্ধী এবং এতিম শিক্ষার্থী, রিক্সা/ ভ্যান/ ঠেলাগাড়ি চালকের সন্তান, দিনমজুরের সন্তান, মহিলা গৃহকর্মীর সন্তান, নদী ভাঙ্গন কবলিত/ বাস্ত্বহারা পরিবারের সন্তান, দুঃস্থ পরিবারের সন্তান, উপার্জনে অসমর্থ/ বিকলাঙ্গ (যেমন- পঙ্গু, অন্ধ, বোবা প্রভৃতি) পিতামাতার সন্তান এবং হিজড়া শিক্ষার্থীকে উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। উক্ত আবেদনপত্রের সাথে নিম্নে উল্লেখিত কাগজপত্রসহ কলেজ অফিসে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

আবেদনের সাথে সংশ্লিষ্ট কাগজপত্র :

- ০১। শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের ফটোকপি (অবশ্যই ১৭ ডিজিট সম্বলিত)
- ০২। পিতা/ মাতা/ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)
- ০৩। শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি
- ০৪। শিক্ষার্থীর কলেজের ভর্তির আবেদন কপি
- ০৫। শিক্ষার্থীর উপবৃত্তি অর্থ প্রাপ্তির ক্ষেত্রে বৈধ/ সচল নগদ মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করতে হবে।
- ০৬। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/ মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম প্রদান করতে হবে।
- ০৭। পাসপোর্ট সাইজের ছবি ০১ কপি


অধ্যক্ষ

শেরপুর সরকারি কলেজ
শেরপুর

ফোন- ০২৯৯৭৭৮১৪৬২

প্রফেসর মোঃ আবদুর রউফ
আইডি নং-০০০০৭৬৯৮
অধ্যক্ষ
শেরপুর সরকারি কলেজ, শেরপুর।